

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা  
ই-হজ ব্যবস্থাপনা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd)



স্মারক নং- ১৬.০০.০০০০.০২২.৩৪.০০১.২০-২৩০

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৮  
৮ ডিসেম্বর ২০২১


**বিষয়ঃ ওমরাহ পালনে বাংলাদেশী ওমরাহ এজেন্সির সাথে চুক্তিবদ্ধ সৌদি ওমরাহ এজেন্সির তালিকা ও ওমরাহ পালনকারীদের তথ্য প্রেরণ সংক্রান্ত।**

**সূত্র: বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব এর স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.০৫.০০১.২০২১-৩৩১; তারিখ: ০২.১২.২০২১ খ্রি.**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌদি আরবে ওমরাহ পালন করতে যাওয়া ওমরাহযাত্রীদের মধ্যে হারিয়ে যাওয়া, অসুস্থ হয়ে যাওয়া এবং সৌদি আরবে মৃত্যুবরণকারী ওমরাহযাত্রীদের সহায়তা, চিকিৎসা সেবা প্রদান, অনাপত্তি/মৃত্যু সনদ প্রদানের জন্য সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সি ও ওমরাহযাত্রীদের কোন তথ্য কাউন্সেলর (হজ) এর নিকট না থাকায় বর্ণিত সেবা প্রদান খুবই কষ্টকর হচ্ছে মর্মে কাউন্সেলর (হজ) সূত্রস্থ পত্রে জানিয়েছেন। উল্লিখিত সেবা সহজে প্রদানের সুবিধার্থে তিনি বাংলাদেশী ওমরাহ এজেন্সির সাথে চুক্তিবদ্ধ সৌদি ওমরাহ এজেন্সির তথ্যাদিসহ ওমরাহযাত্রীদের তথ্যাদি সরবরাহের অনুরোধ জানিয়েছেন। সে লক্ষ্যে বাংলাদেশ হতে ওমরাহ পালনের জন্য সৌদি আরবে গমনের প্রাক্কালে নিম্নোক্ত ছকে বর্ণিত তথ্যাদি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও কাউন্সেলর (হজ), সৌদি আরব বরাবরে ই-মেইল/ অনলাইনে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং	ওমরাহ এজেন্সির নাম	বাংলাদেশী এজেন্সির সাথে চুক্তিবদ্ধ সৌদি ওমরাহ এজেন্সির নাম ও ঠিকানা	ওমরাহযাত্রীদের তালিকা	সৌদি আরবে গমনের তারিখ	প্রত্যাবর্তনের তারিখ	সৌদি আরবে অবস্থানের ঠিকানা	এজেন্সির মালিক বা গাইডের সৌদি আরবে ব্যবহৃত মোবাইল নম্বর

০২। বিষয়টি অতীব জরুরী।

  
০৮.১২.২০২১  
আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব  
ফোন: ৯৫৪৬৫৯০  
e-mail:morahajsection@gmail.com


স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার  
..... (সকল ওমরাহ এজেন্সি), বাংলাদেশ।

স্মারক নং- ১৬.০০.০০০০.০২২.৩৪.০০১.২০-২৩০

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৮  
৮ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞতার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.mora.gov.bd](http://www.mora.gov.bd) তে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট সকল ওমরাহ এজেন্সিকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি হজের ওয়েবসাইট [www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) তে প্রকাশের অনুরোধসহ)
৯. অফিস কপি

  
০৮.১২.২০২১  
আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব